

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
ব্যয় ব্যবস্থাপনা-৪ শাখা
www.mof.gov.bd


নং-০৭.০০.০০০০.১৫৪.২৬.০০৩.২২-০৮

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি/সংবিধিবদ্ধ/স্ব-শাসিত/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান ও বিভিন্ন সংস্থা ইত্যাদিতে যানবাহন ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন ধরনের যানবাহনের মূল্য পুনর্নির্ধারণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে বিভিন্ন প্রতিষ্ঠান/কোম্পানির জীপ, কার, পিক-আপ (সিঙ্গেল কেবিন/ডাবল কেবিন) মাইক্রোবাস, গ্র্যান্ডুলেপ্স, কোস্টার/মিনিবাস (এসি/নন এসি), বাস, ট্রাক, মোটরসাইকেল-এর বাজার দর বিবেচনা করে যানবাহনের মূল্য (রেজিস্ট্রেশন, ভ্যাট ও ট্যাক্সসহ) নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো:

- ১। কার/এসইউভি/ক্রসওভার (অনুর্ধ্ব ১৬০০ সিসি) = ৫৬.০০ লক্ষ টাকা;
- ২। (ক) জীপ (অনুর্ধ্ব ২৭০০ সিসি) = ১৬৯.৩৫ লক্ষ টাকা (গ্রেড-১ এবং গ্রেড-২ পর্যায়ের কর্মকর্তাগণের জন্য);
(খ) জীপ = ৬৫.০০ লক্ষ টাকা (অনুর্ধ্ব ২০০০ সিসি) (গ্রেড-৩ বা তদনিন্ম পর্যায়ের কর্মকর্তাগণের জন্য);
- ৩। (ক) পিক-আপ (সিঙ্গেল কেবিন, অনুর্ধ্ব ২৫০০ সিসি) = ৫২.০০ লক্ষ টাকা;
(খ) পিক-আপ (ডাবল কেবিন, অনুর্ধ্ব ২৫০০ সিসি) = ৮৬.০০ লক্ষ টাকা;
- ৪। মাইক্রোবাস (অনুর্ধ্ব ২৭০০ সিসি) = ৫২.০০ লক্ষ টাকা;
- ৫। গ্র্যান্ডুলেপ্স (অনুর্ধ্ব ২৭০০ সিসি) = ৫৪.০০ লক্ষ টাকা;
- ৬। (ক) কোস্টার/মিনিবাস (এসি, অনুর্ধ্ব ৪২০০ সিসি) = ৮০.০০ লক্ষ টাকা;
(খ) মিনিবাস (নন এসি, অনুর্ধ্ব ৩৮০০ সিসি) = ৪৫.০০ লক্ষ টাকা;
(গ) বাস (বড়, নন এসি, অনুর্ধ্ব ৫৮৮৩ সিসি) = ৫৮.২০ লক্ষ টাকা;
- ৭। (ক) ট্রাক (৫ টন) = ৪৭.১০ লক্ষ টাকা;
(খ) ট্রাক (৩ টন) = ৪২.০০ লক্ষ টাকা;
- ৮। মোটরসাইকেল (অনুর্ধ্ব ১২৫ সিসি) = ১.৯৩ লক্ষ টাকা;
- ০২। বর্ণিত প্রেক্ষাপটে, সরকারি/সংবিধিবদ্ধ/স্ব-শাসিত/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান ও বিভিন্ন সংস্থা ইত্যাদিতে যানবাহন ক্রয়ে অনুমতি/বরাদ্দ প্রদানের ক্ষেত্রে উল্লিখিত মূল্য অনুসরণের জন্য অর্থ বিভাগের শাখা/অধিশাখাসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৩। যানবাহন ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।


০৫/১/২০২৬
(মোহাম্মদ শওকত উল্লাহ)
উপসচিব

ফোন: ২২৩৩৮৯৯৫১

ই-মেইল: showkatu@finance.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব সকল মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, সকল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬. যুগ্মসচিব (বাজেট-২/প্রবিধি অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা ১/২/৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সকল শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১০. সিস্টেম এনালিস্ট (FSMU), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (জঁকে অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিস কপি।